ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*******

স-৩৩৮৫

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**সরকারি কর্মচারিদের নির্দিষ্ট সময়ের মধ্যে অফিসে উপস্থিতি নিশ্চিত করার নির্দেশ**

ত্রিপুরা সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে সমস্ত সরকারি দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের স্ব স্ব দপ্তরে কর্মরত কর্মীদের নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি সুনিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। যে সমস্ত সরকারি কর্মচারি নির্ধারিত সময়ে উপযুক্ত কারণ ছাড়া কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকবেন তাদের ক্ষেত্রে শৃঙ্খলাভঙ্গের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশও সংশ্লিষ্ট আধিকারিকদের দেওয়া হয়েছে। সমস্ত সরকারি কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে রূপায়ণের জন্যই এই পদক্ষেপ।

********